

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র পরিদপ্তর

বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)

৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।

www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২৩.১৭-১৩৫০

২৭ আষাঢ় ১৪২৪।

তারিখঃ -----


১১ জুলাই ২০১৭।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর পরিচালিত ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও জুট টেকনোলজি কোর্সের ভর্তিইচ্ছুদের এস.এস.সি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কোটা অনুসরণপূর্বক নির্বাচিতদের ২য় মেধা তালিকা ও মাইগ্রেশনের তালিকা প্রকাশ করা হলো।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলী :

- ১। ভর্তির সময় এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া কাউকেই ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
 - ২। ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১ (এক) কপি ও সত্যায়িত বিহীন ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে এবং এসএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সংগে আনতে হবে।
 - ৩। মেধা তালিকা হতে ১৩/০৭/২০১৭ হতে ২০/০৭/২০১৭ তারিখ সকাল ৯:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে ভর্তির তারিখ পরবর্তীতে জানানো হবে।
 - ৪। ভর্তির জন্য ৬৫২০/- (ছয় হাজার পাঁচ শত বিশ) টাকা জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
 - ৫। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত ডাক্তার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
 - ৬। ভর্তির জন্য যোগ্য প্রার্থীর তালিকা বস্ত্র পরিদপ্তর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েব সাইট গুলোতে পাওয়া যাবে। www.dot.gov.bd, www.titangail.gov.bd, www.arstecb.com, www.dtec.edu.bd
 - ৭। এসএমএস এর মাধ্যমে সকল আবেদনকৃতদের মধ্য হতে অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, টাংগাইল বরাবরে লিখিত আবেদন করে ডিপ্লোমা ইন জুট টেকনোলজী কোর্সে ভর্তি হতে পারবে।
 - ৮। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠানের প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
 - (খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে : ক-এ বর্ণিত সনদপত্র ছাড়াও মুক্তিযোদ্ধা সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
 - (গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে : রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত উপ-জাতীয় সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।
- বিঃ দ্রঃ ভর্তির ফলাফল প্রকাশে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(অতিরিক্ত সচিব)
পরিচালক

বস্ত্র পরিদপ্তর, ঢাকা।

ও

আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২১.১৭-১৩৫০ (৮)

২৭ আষাঢ় ১৪২৪।

তারিখঃ -----

১১ জুলাই ২০১৭।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে।
- ২। যুগ্ম-সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব মোঃ মজিবুর রহমান
অধ্যক্ষ, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।
- ৪। জনাব মমতাজ উদ্দিন আহমেদ, অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, দিনাজপুর।
- ৫। জনাব মোঃ এনামুল হক, অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, টাংগাইল।
- ৬। জনাব মোঃ আমিনুল ইসলাম, অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৭। জনাব এ বি এম ফজলুল করিম, অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, রংপুর।
- ৮। জনাব শিব শংকর চক্রবর্তী, অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, নাটোর।



(মোঃ সাইফুর রহমান)

উপ-পরিচালক (এমআই)

বস্ত্র পরিদপ্তর ঢাকা

ও

সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।